সংবাদ

তারিখ 18 FEB 2013
পৃষ্ঠা ৪ কলাম ২

ফাঁসির দাবিতে সব শিক্ষা প্রতিষ্ঠানের সংহতি

সকাল ১০টায় জাতীয় সংগীতের সঙ্গে উড়ল জাতীয় পতাকা

বার্তা পরিবেশক

দেশের শিক্ষাঙ্গনে গতকাল সকাল ১০টায় জাতীয় পতাকা উত্তোলন, ও জাতীয় সংগীত গেয়ে '৭১-এর যুদ্ধাপরাধীদের ফাঁসির দাবিতে সংহতি প্রকাশ করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) থেকে শুরু করে কিন্ডার গার্টেন পর্যন্ত দেশব্যাপী প্রায় সব স্তরের শিক্ষা প্রতিষ্ঠানেই এই কর্মসূচি পালন করা হয়।

রাজধানী ঢাকাসহ সব জেলা, উপজেলা, মফস্বল ও গ্রামগঞ্জের শিক্ষা প্রতিষ্ঠানেও যুদ্ধাপরাধীদের বিচারের দাবিতে একযোগে গতকাল সকাল ১০টায় জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সংগীত গাওয়া হয়। এদিকে ব্লগার স্থপতি আহমেদ রাজীব হায়দার খুন হওয়ার ঘটনায় আজ কালো ব্যাজ ধারণ কর্মসূচি পালন করা হবে। ও জামায়াতে ইসলামীর ডাকা হরতাল প্রতিহত করতে সবাইকে রাজপথে নেমে আসার আহ্বান জানিয়েছেন শাহবাগের আন্দোলনকারীরা।

সকাল ১০টায় শাহবাগের প্রজন্ম চত্বরেও জাতীয় পতাকা উত্তোলন করে আন্দোলনকারীরা একযোগে গেয়ে ওঠেন 'আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি'। যুদ্ধাপরাধীদের সর্বোচ্চ শাস্তিসহ সাত দফা দাবিতে শাহবাগের জাগরণ মঞ্চ থেকে গত শুক্রবার এই কর্মসূচি ঘোষণা করা হয়।

দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠ ঢাবি, জাতীয় বিশ্ববিদ্যালয়, ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ, প্রতিশিশু আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, রাজধানীর সব সরকারি স্কুল ও কলেজ, গোড়ান আলী আহমদ হাইস্কুল ও মানিক বালিকা উচ্চ বিদ্যালয়, বাড্ডা আলাতুন্নেছা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়সহ দেশের সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানেই যুদ্ধাপরাধীদের বিচারের দাবিতে এই কর্মসূচি পালন করেছে। তবে রাজধানীসহ দেশের বিভিন্ন জেলায় জামায়াত-শিবির নিয়ন্ত্রিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে এই কর্মসূচি পালন করা হয়নি বলে খবর পাওয়া গেছে। এমনকি মাদ্রাসাগুলোতেও এই কর্মসূচি উপেক্ষা করা হয়েছে।

বিশ্ববিদ্যালয় : ঢাবির অপরাজেয় বাংলার পাদদেশে পতাকা উত্তোলনের সময় শিক্ষার্থীদের সঙ্গে উপাচার্য প্রফেসর ড. আকমল আহসান সিদ্দিকসহ অন্যান্য শিক্ষকও উপস্থিত ছিলেন।

এ সময় বলা হয়, 'যুদ্ধাপরাধীদের বিচারের দাবিতে তরুণ প্রজন্ম আজ ঐক্যবদ্ধভাবে অবস্থান নিয়েছে। আমরা ঢাবি পরিবার তরুণদের এই দাবির সঙ্গে সংহতি প্রকাশ করছি। ঐক্যবদ্ধভাবে এই আন্দোলন চালিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করা হয় ঢাবি পরিবারের পক্ষ থেকে। গণজাগরণ মঞ্চের কর্মসূচির সঙ্গে একাত্মতা প্রকাশ করে তাদের মোল্লাসহ সব যুদ্ধাপরাধীদের ফাঁসির দাবিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. কাজী

সংহতি : পৃষ্ঠা : ১৫ ক :

সংহতি : শিক্ষা প্রতিষ্ঠানে

(১৪ পৃষ্ঠার পর)

শহীদুল্লার নেতৃত্বে সব শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী গতকাল জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সংগীত পরিবেশন করেন।

রাজধানীর শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়েও জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সংগীত পরিবেশন করা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর শানাত উল্লা এবং উপ-উপাচার্য প্রফেসর ড. শহীদুল বগীন ভূঁইয়া নেতৃত্বে এই কর্মসূচি পালন করা হয়। এ সময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. হারুন আরী, পরিকল্পনা ও উন্নয়ন ও ওয়ার্কসের পরিচালক প্রফেসর ড. কামাল উদ্দীন আহমদ, নীল সবুজ সভাপতি প্রফেসর ড. নজরুল ইসলাম, রেজিস্ট্রার প্রফেসর ড. মিজানুর রহমানসহ শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। বেসরকারি প্রাইভেট ইউনিভার্সিটির উত্তরা ক্যাম্পাসে জাতীয় পতাকা উত্তোলন করেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের ভাইস চেয়ারম্যান ড. আবুল খায়েরসহ। এ সময় ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক নজিরুর রহমান চৌধুরী ও শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

যেসব প্রতিষ্ঠানে কর্মসূচি পালন হয়নি

জামায়াত-শিবির ও শিক্ষা বাবদ বাণিজ্যের অভিযোগে অভিযুক্ত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান বিশেষ করে, আল বারাকা, নাখালপাড়া আইডিয়াল, কোয়ালিটি এডুকেশন - এ জাতীয় নামে সংযুক্ত আছে এমন প্রতিষ্ঠানে যুদ্ধাপরাধীদের বিচারের দাবিতে কোন কর্মসূচি পালন করা হয়নি বলে অভিযোগ পাওয়া গেছে। এমনকি শিক্ষা মন্ত্রণালয়ের কালো তালিকাভুক্ত মাদ্রাসাসহ একটি স্কুলেও (শিক্ষার্থীদের কালো পোশাক পরানো হয়) এ কর্মসূচি পালন হয়নি।

প্রসঙ্গত, মুক্তিযুদ্ধের অপরাধ ট্রাইব্যুনালে জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল আবদুল কাদের মোল্লাকে যাবজ্জীবন কারাদণ্ডের রায় দেয়ার পর তা প্রত্যাখ্যান করে ফাঁসির দাবিতে গত ৫ ফেব্রুয়ারি এই আন্দোলন শুরু করে ব্লগার আরিফ আলমাইন অ্যাকটিভিস্ট নেটওয়ার্ক। দুদিনের মধ্যেই তা পরিণত হয় গণআন্দোলনে।